**চলচ্চিত্রে কে এই অদ্বিতীয় রঙের স্রষ্টা**

এমন এক কিংবদন্তির গল্প আজকে শোনাবো যে কি না তার চলচিত্রে ব্যবহৃত অভিন্ন কালার প্যালেটের জন্য তরুণ প্রজন্মের কাছে আধুনিক সময়ে এসে জনপ্রিয় হয়েছেন। ধরণীর বকুে ১৯৬৯ সালের ১লা মে হয়তো আর পাঁচটা সাধারণ দিনের মতনই অতি বাহিত হতো, যদি না 'হাউস্টন টেক্সাসে ' এক বিস্ময় বালক জন্ম নিতো। পৃথিবীতে নিজেদের সৃষ্টিশীলতা দিয়ে যারা সজ্জিত করেছেন তাঁদের মধ্যে এই বিস্ময় বালক একজন।আপনারা অনেকেই হয়তো ভাবছেন কে সেই বিস্ময় বালক!

সে আর কেউ নয় বিখ্যাত নির্মার্তা 'ওয়েস অ্যান্ডারসন।তার সিনেমার শুরুটা হয়ে ছিলো অস্টিনের "ইউনিভার্সিটি অফ টেক্সাসে " যোগদানের পরে, যেখানে তার দেখা হয় 'ওয়েন উইলসনের' সাথে এবং যিনি পরবর্তীতে তাঁর অনেক চলচ্চিত্রে সহযোগী ছিলেন। বিশ্বের আর দশটা খ্যাতিমান নির্মাতাদের মতন তারও রয়েছে বেশ কিছু বিখ্যাত চলচ্চিত্র যেখানে তিনি তার নিপুণতার পরিচয় দিয়েছেন।দার্জিলিং লিমিটেড, দ্যা গ্রান্ড বদ্যুপেস্ট, দ্যা ফ্যান্টাসটিক মি .ফক্স ও এ্যাস্টেরয়েড সিটি ছবিগুলো তার সবচেয়ে বিখ্যাত চলচ্চিত্র যেখানে বিশেষ করে তার অনন্য রঙেএর ব্যবহার দর্শকের নজর কেড়েছে ।

শুনতে অবাক লাগতে পারে তবে কখন ও কি শুনেছেন কোন পরিচালক তার চলচ্চিত্রে রঙের মিশ্রণ সে নিজে করেছেন! শুনেন নি হয়তো। কিন্তু ওয়েস অ্যান্ডারসন তার প্রতিটি চলচ্চিত্রের সেটের রঙ,পোশাক ও অন্যান্য ব্যবহার্যের রঙ মিশ্রণ নিজে করেছেন।চলচ্চিত্রের আবেগকে তিনি রঙিন বর্ণনে ফুটিয়ে তুলেছেন।চলচ্চিত্রের লুকিয়ে থাকা চরিত্রগুলোকেফুটিয়ে তোলারজন্য তিনি সবসময় রঙ নিয়ে গবেষণা করেছেন এবং আজব আজব রঙের ব্যবহার করেছেন যেই রঙগুলো দর্শকদের ধারাবাহিকভাবে বিমোহিত করেছে ।এমনই একটি উদাহরণ হলো চরিত্রের দৃঢ় আবেগ প্রকাশে তিনি বরাবরই গাঢ় এবং উজ্জ্বল রঙের ব্যবহার করেছেন।

আপনি কি জানেন
ওয়েস অ্যান্ডারসনের চলচ্চিত্রগুলি চাক্ষুষ শৈলী, অদ্ভুত চরিত্র, হৃদয়গ্রাহ্য গল্প, সৃজনশীলতা ও রঙের অভিন্ন ব্যবহার বর্তমান তরুণদর্শকদের নস্টালজিয়া বোধকে অনপ্রাণিত করে। তাছাড়া বর্তমান সময়ে ওয়েস অ্যান্ডারসন রঙের ইফেক্ট ব্যবহার করে ফেসবকু , ইন্টাগ্রামে এক আলাদা থিম তৈরি হয়েছে ।

সঙ্গে তার চলচ্চিত্র নিয়েও এখন তরুণদের মধ্যে তর্ক- বির্তক,আলোচনা-সমালোচনা লক্ষ্য করা যায়। তার কালার প্যালেটে অনপ্রাণিত হয়ে বর্তমানে বেশ অনলাইন বিজনেসও তৈরি হয়েছে যারা অ্যান্ডারসন কালার প্যাটেলের মিশ্রণে বিভিন্ন পণ্য তৈরি করছেন।সর্বপরি তার চলচ্চিত্র বর্তমান সময়ে তরুণদের মাঝে বেশ আলোরণ সৃষ্টি করছে বলে ধারণা করা যায়।

**Reference**

Chapman, K. (2021, December 16). Wes Anderson’s ability to make us feel comforted. Medium. https://kristina-docx.medium.com/wes-andersons-ability-to-make-us-feel-comforted-8aef26462101

Liggera, K. (2022, December 3). An examination of the Wes Anderson influence on The Mysterious Benedict Society. Film Cred. https://film-cred.com/an-examination-of-the-wes-anderson-influence-on-the-mysterious-benedict-society/

Woodward, D. (2015, February 25). Lessons we can learn from Wes Anderson. Inquiries Journal. http://www.inquiriesjournal.com/articles/1360/color-theory-and-social-structure-in-the-films-of-wes-anderson